অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/12/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে "অ্যাডিরনড্যাক ম্যাক" লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের জন্য অফিসিয়াল ম্যাস্কট হিসাবে কাজ করবে

ম্যাস্কট ডিজাইন করেছেন ক্রিস্টিনা ইঙ্গেরোস্কি, ফার্মিংটন নেটিভ এবং ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজির (Fashion Institute of Technology) সোফোমোর

35টি কাউন্টি জুড়ে প্রবেশকারীদের কাছ থেকে প্রায় 150টি সাবমিশন পাওয়া হয়েছে

ম্যাস্কটের ফটোগুলি এখানে উপলব্ধ

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে "অ্যাডিরনড্যাক ম্যাক" লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের জন্য অফিসিয়াল ম্যাস্কট হিসাবে কাজ করবে। ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজির একজন সোফোমোর এবং অন্টারিও কাউন্টির ফার্মিংটনের একজন বাসিন্দা ক্রিস্টিনা ইঙ্গেরোস্কির দ্বারা মুজ ম্যাস্কটটি ডিজাইন করা হয়েছিল৷ অ্যাডিরনড্যাক ম্যাক গেমসের একটি অত্যন্ত দৃশ্যমান প্রতীক হবে, যা বিশ্বব্যাপী দর্শকদের আকর্ষণ করবে। ম্যাক একটি লাইভ, পরিচ্ছদযুক্ত চরিত্র সহ বিভিন্ন আকারে উপস্থিত হবে; খেলনা, স্টাফড পশু, পোশাক এবং অন্যান্য স্যুভেনির সহ পণ্যদ্রব্য হিসাবে; এবং প্রচারমূলক উপকরণে। লেক প্লাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস 12-22 জানুয়ারী, 2023-এর জন্য নির্ধারিত হয়েছে।

"নিউ ইয়র্ক রাজ্যের আন্তর্জাতিক প্রতিযোগিতা আয়োজনের একটি গর্বের উত্তরাধিকার রয়েছে, এবং আমরা 2023 সালে FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের জন্য সারা বিশ্ব থেকে কলেজ ক্রীড়াবিদ এবং কোচদের লেক প্লাসিড এবং অ্যাডিরনড্যাক্সে স্বাগত জানাতে উন্মুখ," **গভর্নর হোচুল বলেছেন।** "ম্যাস্কট ডিজাইনের প্রতিযোগিতা ছিল নিউ ইয়র্কবাসীদের প্রতিভা এবং সৃজনশীলতার প্রদর্শনের একটি অনন্য উপায়, এবং আমি তার বিজয়ী ডিজাইনের জন্য ক্রিস্টিনা ইঙ্গেরোস্কিকে অভিনন্দন জানাতে চাই।"

গেমসের ম্যাস্কট হিসেবে, অ্যাডিরনড্যাক ম্যাক নিউ ইয়র্কের অ্যাডিরনড্যাক্সের সৌন্দর্য, আকর্ষণ এবং ক্রীড়ার ঐতিহ্য প্রদর্শন করতে সাহায্য করবে। ম্যাক ছয়-ফুট লম্বা এবং সমনাম বিশিষ্ট অঞ্চলের মতোই তার বড় ব্যক্তিত্ব। শীতকালে, ম্যাককে হোয়াইটফেস এবং গোর পর্বতমালার ঢালে বা হার্ব ব্রুকস এরিনার চারপাশে স্কেটিং করতে দেখা যায়, এবং গ্রীষ্মকালে এই অঞ্চলের বিশ্বমানের ফ্যাসিলিটিগুলিতে কিছু সেরা ক্রীড়াবিদদের সাথে প্রশিক্ষণ অন্তর্ভুক্ত

থাকে। ম্যাক নর্থ কান্ট্রি সম্প্রদায় জুড়ে বহু দোকান এবং অনন্য রেস্তোরাঁগুলি অন্বেষণ করে অবসরযাপন করে বলে জানা আছে; কিছু প্রিয় শরৎকালের গাছগাছালি পূর্ণ এলাকায় হাইকিং করে; এবং মাছ ধরা এবং সাঁতার উপভোগ করার জন্য এলাকার হ্রদ এবং জলপথেও তাকে দেখা যায়। নিউ ইয়র্কবাসীরা এবং অংশগ্রহণকারী ক্রীড়াবিদদের মধ্যে যা মিল রয়েছে তার য সেরা, তার প্রতিনিধিত্ব করে মুজটি: শক্তি, সাহস এবং সংকল্প।

ম্যাস্কট ডিজাইন প্রতিযোগিতার বিজয়ী ক্রিস্টিনা ইঙ্গেরোস্কি বলেছেন, "লেক প্লাসিডে FISU উইন্টার ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস 2023 এর জন্য আমার ম্যাস্কট ডিজাইন বেছে নেওয়া আমার কাছে সম্মানের বিষয়। অ্যাডিরনড্যাক ম্যাক আমার কাছে এক বিশেষ স্থান ধরণ করে কারণ আমি বছরের পর বছর ধরে আমার দাদা-দাদি এবং পরিবারের বহু অনেক সময় কাটিয়েছি যারা লেক প্ল্যাসিডে থাকেন। আমি অ্যাডিরনড্যাক অঞ্চলের মহিমান্বিত সৌন্দর্য এবং চরিত্রকে ধরে রাখতে চেয়েছিলাম। লেক প্ল্যাসিডে বন্ধুত্বপূর্ণ অ্যাথলেটিক প্রতিযোগিতার এই চেতনার প্রতিনিধিত্ব করতে এবং উদযাপন করার জন্য একটি অ্যাডিরনড্যাক মুজের চেয়ে আকর্ষণীয় আর কিছু নেই।"

মার্চ মাসে, নিউ ইয়র্ক স্টেট লেক প্ল্যাসিড 2023 ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের প্রতিনিধিত্ব করতে একটি ম্যাস্কটের জন্য ডিজাইনের ধারণা খুঁজতে একটি প্রতিযোগিতা শুরু করে। নিউ ইয়র্কবাসীদের ম্যাস্কট ডিজাইনের ধারণা জমা দিতে উৎসাহিত করা হয়েছিল যা আন্তর্জাতিক প্রতিযোগিতার কলেজ-চেতনা এবং নিউ ইয়র্কবাসীদের হৃদয়ের প্রতিভূ। নিউ ইয়র্ক স্টেটের 35টি বিভিন্ন কাউন্টিতে 87টি সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী প্রবেশকারীদের কাছ থেকে প্রায় 150টি আবেদন জমা পরেছে। I LOVE NY ওয়েবসাইটে একটি সর্বজনীন ভোটের পর, 10টি ডিজাইন শিক্ষাবীদ, সরকার, পর্যটন এবং ক্রীড়াবীদদের প্রতিনিধিত্বকারী একটি নির্বাচন কমিটির কাছে পাঠানো হয়েছে। নির্বাচিত বিজয়ী হিসেবে, ইঙ্গেরোস্কি 5,000 মার্কিন ডলারের নগদ পুরস্কার পাবেন।

লেক প্লাসিডের মেয়র আর্ট ডেভলিন বলেছেন, "আমরা আমাদের প্রতিবেশী সম্প্রদায়গুলির সাথে লেক প্ল্যাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস আয়োজন করার এবং বিশ্বব্যাপী মঞ্চে অ্যাডিরনড্যাক্সকে প্রদর্শন করার জন্য উন্মুখ। আমরা গর্বের সাথে অ্যাডিরনড্যাক ম্যাককে ম্যাস্কট হিসাবে স্বাগত জানাই যে এই গেমগুলির জন্য নর্থ কান্ট্রির সেরা প্রতিনিধিত্ব করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট এবং ট্যুরিজমের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেছেন, "লেক প্লাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস বিশ্বব্যাপী দর্শকদের জন্য এই অঞ্চলটি অন্বেষণ এবং অভিজ্ঞতা করার জন্য একটি দুর্দান্ত সুযোগ হবে - এবং অ্যাডিরনড্যাক ম্যাক সেই স্বাগত মনোভাব প্রসারিত করতে আমাদের সাহায্য করবে। এই অঞ্চলটি শীতকালীন খেলাধুলার জন্য একটি স্বর্গ, যেখানে পাহাড়গুলি তার মধ্যে বসবাসকারী মুজের মত সাহসী এবং মহিমান্বিত, এবং আমরা ক্রিস্টিনা ইঙ্গেরোস্কিকে তার দুর্দান্ত ম্যাস্কটের ধারণার জন্য ধন্যবাদ জানাই।"

অলিম্পিক রিজিওনাল ডেভেলপমেন্ট অথরিটির (Olympic Regional Development Authority) প্রেসিডেন্ট ও CEO মাইক প্র্যাট বলেছেন, "অ্যাডিরনড্যাক ম্যাক আসন্ন FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের জন্য এক দুর্দান্ত দূত৷ ম্যাক প্রত্যেকের জন্য বহিরঙ্গন বিনোদনের স্বাস্থ্যকর চেতনাকে মূর্ত করে, যা পুরো অ্যাডিরনড্যাক্স জুড়ে এবং ORDA-এর সমস্ত ভেন্যুতে সমৃদ্ধিলাভ করছে।"

অ্যাডিরনড্যাক নর্থ কান্ট্রি স্পোর্টস কাউন্সিলের (Adirondack North Country Sports Council) নির্বাহী পরিচালক অ্যাশলে ওয়াল্ডেন বলেছেন, "ম্যাস্কটটি হল গেমসের একটি প্রতীক। অ্যাডিরন্ড্যাক ম্যাক গেমস, নর্থ কান্ট্রি এবং এই অঞ্চলের আনন্দ, চেতনা, সংকল্প এবং ক্রীড়াপটুতাকে মূর্ত করে গেমগুলিকে প্রাণবন্ত করে তোলে।"

লেক প্লাসিড 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস এবং নর্থ কান্ট্রি অঞ্চলের সচেতনতা বাড়াতে অ্যাডিরনড্যাক ম্যাক নিউ ইয়র্ক রাজ্যের আশেপাশে একটি সফর শুরু করবে। জনসাধারণ নিম্নলিখিত উপস্থিতিগুলিতে "ম্যাকের সাথে দেখা" করতে পারবেন, যার পরে আরো সুযোগ আসবে:

- শনিবার, 13 নভেম্বর মাউন্ট ভ্যান হোভেনবার্গ - দুপুর 12:30 - দুপুর 2:00
- শনিবার, 20 নভেম্বর সেনেকটেডি হলিডে প্যারেড - বিকেল 5:00
- শুক্রবার, 26 নভেম্বর, হোয়াইটফেস মাউন্টেইনে
- শনিবার, 27 নভেম্বর গোর মাউন্টেইনে

"ম্যাকের সাথে দেখা করা"-এর আরও সুযোগ তৈরির কাজ চলছে এবং এখানে তালিকাভুক্ত করা হবে৷

2018 সালের মার্চ মাসে, লেক প্লাসিডকে 31তম শীতকালীন ইউনিভার্সাইড হোস্ট করার জন্য ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি স্পোর্টস ফেডারেশন (International University Sports Federation) দ্বারা নির্বাচন করা হয়েছিল। FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস হল একটি আন্তর্জাতিক ক্রীড়া এবং সাংস্কৃতিক অনুষ্ঠান যা প্রতি দুই বছরে একটি ভিন্ন শহরে অনুষ্ঠিত হয়। 11-দিনের প্রতিযোগিতায় আলপাইন, ফ্রিস্টাইল এবং ক্রস-কান্ট্রি স্কিইং, বায়থলন, স্পিড স্কেটিং, কার্লিং, ফিগার স্কেটিং, হকি, শর্ট ট্র্যাক স্পিড স্কেটিং এবং স্নোবোর্ডিং সহ বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতার জন্য 2,500 জন কলেজিয়েট ক্রীড়াবিদ এবং প্রশিক্ষকদের লটারির ভিত্তিতে আনে। গেমগুলি ORDA দ্বারা পরিচালিত অলিম্পিক ভেন্যুগুলি সহ বহু এলাকার ক্রীড়ার ফ্যাসিলিটিগুলি ব্যবহার করবে৷

নিউ ইয়র্ক হল মার্কিন যুক্তরাষ্ট্রের একমাত্র রাজ্য যা FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আয়োজন করেছে এবং 2023 দ্বিতীয়বার লেক প্লাসিডের হোস্ট করাকে চিহ্নিত করে। নর্থ কান্ট্রির সম্প্রদায় পূর্বে 1972 সালে গেমসের আয়োজন করেছিল এবং বাফেলো 1993 সালে গ্রীষ্মকালীন গেমগুলির সাইট ছিল।

নিউ ইয়র্ক স্টেট রাজ্যের ORDA বৈশিষ্ট্যগুলিকে সমর্থন করার জন্য প্রায় 240 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে। এই অঞ্চলের ফেসিলিটিগুলি বছরব্যাপী আকর্ষণে রূপান্তরিত করার পাশাপাশি তারা যাতে বৃহদায়তন, বৈশ্বিক ইভেন্টগুলোকে আকর্ষণ করা এবং

সমর্থন করা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করার উদ্দেশ্যে মূলধনী প্রকল্পগুলোতে করা এই অভূতপূর্ব বিনিয়োগ ORDA এর পরিকাঠামোকে উন্নত করছে। এর মধ্যে রয়েছে একটি নতুন 30,000 বর্গফুটের মাউন্ট ভ্যান হোভেনবার্গ বেস লজ, এই ধরণের প্রথম মাউন্ট ভ্যান হোভেনবার্গ মাউন্টেন কোস্টার, এবং অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স জিপ লাইন এবং গন্ডোলা। অতিরিক্তভাবে, HS100 এবং HS128 স্কি জাম্পে LED আলো সহ নতুন ফ্রস্ট রেল স্থাপন করা হয়েছে, যা আবহাওয়ার পরিবর্তন নির্বিশেষে একটি সামঞ্জস্যপূর্ণ এবং নির্ভরযোগ্য লাফ দেওয়ার পৃষ্ঠতল নিশ্চিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন